২০২৬ সালের দাখিল পরীক্ষার পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচি

বিষয় : হাদিস শরিফ

বিষয় কোড : ১০২

২০২৬ সালের দাখিল পরীক্ষার পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচি

বিষয়: হাদিস শরিফ | বিষয় কোড: ১০২ | পূর্ণ নম্বর: ১০০

অধ্যায় ও শিরোনাম	শিক্ষাক্রমে উল্লিখিত শিখনফল	বিষয়বস্তু (পাঠ ও পাঠের শিরোনাম)	প্রয়োজনীয় ক্লাস সংখ্যা	ক্লাসের ক্রম	মন্তব্য
প্রথম অধ্যায় تعريف الحديث	১. হাদিসের সংজ্ঞা বলতে পারবে। ২. হাদিসের প্রয়াজনীয়তা ও গুরুত্ব বলতে পারবে। ৩. হাদিস সংকলন ও সংরক্ষণ সম্পর্কে জানতে পারবে। ৪. কুরআন ও হাদিসের মধ্যে সম্পর্ক ও পার্থক্য জানতে পারবে। ৫. প্রসিদ্ধ কিছু হাদিসের কিতাবের নাম বলতে পারবে। ৬. হাদিসের প্রকারভেদ ও সেসবের সংজ্ঞা ও হুকুম সম্পর্কে বলতে পারবে।	হাদিস পরিচিতি	৪	১ম থেকে ৪র্থ	
দ্বিতীয় অধ্যায় باب السلام	১. মানুষ মানুষের সাথে কী ধরনের আচরণ করবে তা জানতে পারবে। ২. স্থান-কাল-পাত্রভেদে বুদ্ধিমত্তার সাথে কথা বলতে ও কাজ করতে পারবে। ৩. ইসলামি সংস্কৃতি অনুযায়ী সালাম দিতে এবং সালামের জবাব প্রদান করতে পারবে। ৪. হযরত আদম (আ.) কে সৃষ্টির পর সর্বপ্রথম কীভাবে সালাম চালু হলো তা জানতে পারবে। ৫. পারস্পারিক সালাম বিনিময়ের মাধ্যমে ভালবাসার বন্ধনে আবদ্ধ হয়ে ইমানের পূর্ণতা লাভ করতে পারবে।	সালাম হাদিস নং: ১, ২, ৩, ৪, ৫, ৬, ১২, ১৩, ১৬, ১৯, ২৪, ৩৩, ৩৪, ৩৫, ৩৯ = ১৫টি	৭	৫ম থেকে ১১শ	
তৃতীয় অধ্যায় باب الاستيذان	১. গৃহে প্রবেশ করার ব্যাপারে ইসলামের বিধি-বিধান জানতে ও বলতে পারবে। ২. পর্দার বিধান কঠোরভাবে পালনের দিক নির্দেশনা মান্য করতে পারবে। ৩. কারো ঘরে বা অফিসে প্রবেশের জন্য অনুমতি কীভাবে নিতে হবে তা জানতে ও বলতে পারবে। ৪. মাতা-পিতার গৃহে কীভাবে প্রবেশ করবে তা জানতে ও বলতে পারবে। ৫. দূর-দূরান্ত থেকে কেউ আগমন করলে তাকে ইসলামি নিয়মে স্বাগত জানাতে পারবে।	অনুমতি চাওয়ার বর্ণনা হাদিস নং: ৪০, ৪১, ৪২, ৪৩, ৪৫, ৪৭ = ৬টি	৩	১২শ থেকে ১৪শ	
চতুর্থ অধ্যায় باب المصافحة والمعانقة	১. মুসাফাহা ও মুয়ানাকা বলতে কী বুঝায় তা জানতে ও বলতে পারবে। ২. ইসলামি নিয়মে মুসাফাহা ও মুয়ানাকা করতে পারবে। ৩. মুসাফাহা ও মুয়ানাকার মাধ্যমে বড় ও ছোটকে কীভাবে সম্মান ও স্নেহ প্রদর্শন করতে হয় তা জানতে পারবে। ৪. রাসুলুল্লাহ সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম এর মুসাফাহা ও মুয়ানাকার পদ্ধতি জানতে ও বলতে পারবে।	মুসাফাহা ও মুয়ানাকা হাদিস নং: ৫০, ৫১, ৫২, ৫৩, ৫৪, ৫৫, ৬৪ = ৭টি	৪	১৫শ থেকে ১৮শ	
পঞ্চম অধ্যায় باب القيام	১. কোন সম্মানিত ব্যক্তিকে দাঁড়িয়ে সম্মান করতে পারবে। ২. ইসলামের দৃষ্টিতে দাঁড়িয়ে একে অপরকে সম্মান প্রদর্শন করার পদ্ধতি বলতে পারবে। ২. নেতৃস্থানীয় বা সম্মানিত ব্যক্তির সম্মানে দাঁড়ানোর হুকুম বলতে পারবে। ৪. দাঁড়িয়ে সম্মান প্রদর্শনের ক্ষেত্রগুলো বলতে পারবে।	দণ্ডায়মান হওয়া হাদিস নং: ৬৮, ৬৯, ৭১, ৭৩, ৭৬, ৭৮ = ৬টি	৩	১৯শ থেকে ২১শ	
ষষ্ঠ অধ্যায় باب العطاس	১. হাঁচি ও হাই তোলা বলতে কী বুঝায় তা জানতে ও বলতে পারবে। ২. হাঁচি ও হাই তোলার কারণ ব্যাখ্যা করতে পারবে।	হাঁচি দেয়া ও হাই তোলা হাদিস নং: ৮০, ৮১, ৮২, ৮৪,	৩	২২শ থেকে ২৪শ	

অধ্যায় ও শিরোনাম	শিক্ষাক্রমে উল্লিখিত শিখনফল	বিষয়বস্তু (পাঠ ও পাঠের শিরোনাম)	প্রয়োজনীয় ক্লাস সংখ্যা	ক্লাসের ক্রম	মন্তব্য
والتثاؤب	৩. হাঁচি ও হাই তোলার মধ্যে কোনটি আল্লাহ তায়ালার পছন্দনীয় তা জানতে ও বলতে পারবে। ৪. হাঁচি ও হাই তোলার সময়ে পালনীয় সুন্নাত তরিকা জানতে ও বলতে পারবে। ৫. হাঁচির দোয়া এবং উক্ত দোয়ার প্রতিত্তোরের দোয়া বলতে পারবে।। ৬. হাই তোলাকে রাসুলুল্লাহ সাল্লাল্লাহ আলাইহি ওয়া সাল্লাম কার কাজ বলে উল্লেখ করেছেন তা জানতে ও বলতে পারবে।	৮৬, ৯০ = ৬টি			
সপ্তম অধ্যায় باب الضحك وأقسامه	১. হাসির প্রকারভেদ সম্পর্কে বলতে পারবে। ২. শরিয়তে কোন ধরনের হাসি-তামাশা নিষেধ তা বলতে পারবে। ৩. শরিয়তসম্মতভাবে হাসতে শিখবে।	হাসি ও তার প্রকার হাদিস নং: ৯৩, ৯৫, ৯৬, ৯৭ = ৪টি	২	২৫শ থেকে ২৬শ	
অষ্টম অধ্যায় باب الأسامي	১. শরিয়ত সম্মতভাবে নাম রাখতে পারবে। ২. কোন ধরনের নাম রাখলে মুসলমানের পরিচয় বুঝা যায় তা জানতে ও বলতে পারবে। ৩. আল্লাহ তায়ালার সিফাতযুক্ত নামগুলো কীভাবে রাখতে হয় তা জানতে ও বলতে পারবে।	নাম রাখা সম্পর্কীয় হাদিস নং: ৯৮, ৯৯, ১০৮, ১১০, ১১৫, ১১৮, ১২০, ১২৫, ১২৭ = ৯টি	৪	২৭শ থেকে ৩০শ	
নবম অধ্যায় باب حفظ اللسان والغيبة والشتم	১. চোগলখোরি, পরনিন্দা ও জিহবা সংযত না করা, গর্হিত কাজ করা হতে বিরত থাকতে পারবে। ২. কটু বাক্যের দ্বারা পরস্পরের মধ্যে সম্পর্কের অবনতির বিষয়ে বলতে পারবে। ৩. পরনিন্দা ও গালমন্দ করার ভয়াবহ পরিণাম সম্মন্ধে বলতে পারবে। ৪. অহেতুক কাউকে কাফের বললে কিরূপ অপরাধ হয় তা জানতে পারবে। ৫. স্বার্থ হাসিলের জন্য পাপী লোকের প্রশংসা নিন্দনীয় হওয়া সম্পর্কে অবগত হতে পারবে।	জিহ্বা সংযতকরণ, কুৎসা ও গালমন্দ হাদিস নং: ১২৮, ১২৯, ১৩০, ১৩১, ১৩৬, ১৩৮, ১৩৯, ১৪০, ১৪৩, ১৪৪, ১৪৭, ১৪৮, ১৫১, ১৬১, ১৬৩, ১৬৭, ১৬৯ = ১৭টি	৮	৩১শ থেকে ৩৮শ	
দশম অধ্যায় باب الوعد	১. ওয়াদা বা প্রতিশ্রুতি প্রতিপালনের গুরুত্ব সম্মন্ধে বলতে পারবে। ২. মৃত ব্যক্তির প্রতিশ্রুতি প্রতিপালন করা বা না করার বিধান জানতে ও বলতে পারবে। ৩. অঙ্গীকার বা প্রতিশ্রুতি পালনে অভ্যস্ত হবে।	অঙ্গীকার বা প্রতিশ্রুতি হাদিস নং: ১৮৮, ১৮৯, ১৯০, ১৯১, ১৯৩= ৫টি	২	৩৯শ থেকে ৪০শ	
একাদশ অধ্যায় باب المزاح	১. কৌতুক বলতে কী বুঝায় তা জানতে ও বলতে পারবে। ২. কোন পরিবেশে কার সাথে কী ধরনের কৌতুক করা বৈধ তা ব্যাখ্যা করতে পারবে। ৩. কৌতুক বলার ক্ষেত্রে ইসলামি শরিয়তের নীতি ও আদর্শ মান্য করতে পারবে।	কৌতুক সংক্রান্ত সকল হাদিস (৪টি)	২	৪১শ থেকে ৪২শ	
দ্বাদশ অধ্যায় باب المفاخرة والعصبية	১. আল্লাহ তায়ালার নিকট সর্বাধিক সম্মানিত ব্যক্তি কে তাকে চিনতে পারবে। ২. কি কি বিষয় নিয়ে গর্ব করা বৈধ তা জানতে ও বলতে পারবে। ৩. সাম্প্রদায়িকতার কুফল বর্ণনা করতে পারবে। ৪. নিজ গোত্রীয় কোন লোক অন্যায় করলে তার সাথে করণীয় আচরণ সম্বন্ধে জানতে পারবে।	বংশ গৌরব ও স্বজন-প্রীতির বর্ণনা হাদিস নং: ১৯৮, ১৯৯, ২০০, ২০১ = ৪টি	২	৪৩শ থেকে ৪৪শ	

অধ্যায় ও শিরোনাম	শিক্ষাক্রমে উল্লিখিত শিখনফল	বিষয়বস্তু (পাঠ ও পাঠের শিরোনাম)	প্রয়োজনীয় ক্লাস সংখ্যা	ক্লাসের ক্রম	মন্তব্য
	৫. বংশ গৌরব মানুষের ভাল হওয়ার মাপকাঠি নয় তা জানতে পারবে।				
ত্রয়োদশ অধ্যায় باب البر والصلة	১. মানুষের প্রতি দয়া ও অনুগ্রহ করতে শিখবে। ২.আত্মীয় স্বজনের প্রতি সদাচরণ করার ফযিলত সম্বন্ধে অবহিত হতে পারবে। ৩.আত্মীয় স্বজনের প্রতি সদাচরণ করার পন্থাসমূহ বলতে পারবে।	মাতা-পিতার প্রতি সদ্ব্যবহার ও আত্মীয় স্বজনের সাথে সম্পর্ক রক্ষা সকল হাদিস (৫টি)	২	৪৫শ থেকে ৪৬শ	
চতুর্দশ অধ্যায় باب الشفقة والرحمة على الخلق	১. সৃষ্টির প্রতি দয়া ও অনুগ্রহ প্রদর্শনের প্রয়োজনীয়তা ও গুরুত্ব সম্পর্কে বলতে পারবে। ২. যে সৃষ্টি জীবের প্রতি করুণা করে আল্লাহ তায়ালা তার প্রতি করুণা করেন, এ সম্বন্ধে অবহিত হবে। ৩. এতীম, অনাথ এবং অসহায় মানুষের প্রতি অনুগ্রহ প্রদর্শনের ফযিলত সম্পর্কে জানতে পারবে ৪. পশু-পাখি, জীব-জন্তু ও অন্যান্য প্রাণীর প্রতি অনুগ্রহ প্রদর্শন করতে শিখবে।	সৃষ্টির প্রতি দয়া-অনুগ্রহ প্রদর্শন সকল হাদিস (৫টি)	২	৪৭শ থেকে ৪৮শ	
পঞ্চদশ অধ্যায় باب الحب في الله ومن الله	১. আল্লাহ তায়ালার জন্য ভালবাসার ফযিলত সম্পর্কে বলতে পারবে। ২. কোন প্রাণিকে ভালবাসার বিনিময়ে পরকালে আল্লাহ তায়ালার ভালবাসা পাওয়া যাবে মর্মে অবহিত হতে পারবে। ৩. আল্লাহ তায়ালার সন্তুষ্টির উদ্দেশ্যে ভালবাসা এবং আল্লাহ তায়ালার অসন্তুষ্টির ভয়ে সম্পর্কে ছেদন করতে অনুপ্রাণিত হবে।	আল্লাহর জন্য ভালবাসা এবং আল্লাহর পক্ষ হতে ভালবাসা সকল হাদিস (৫টি)	২	৪৯তম থেকে ৫০তম	
ষষ্ঠদশ অধ্যায় باب ما ينهى عنه من التهاجر والتقاطع واتباع العورات	১. মুসলমান ভাইয়ের সাথে কথাবার্তা বন্ধ করা এমন গর্হিত কাজ হতে বিরত থাকবে পারবে। ২. কারো গোপনীয় বিষয় আলোচনা করা হতে বিরত থাকতে পারবে। ৩. অন্যের ব্যাপারে অমূলক কুধারণা হতে বিরত থাকার ব্যাপারে অনুপ্রাণিত হবে। ৪. অপর মুসলমান ভাইয়ের সম্মান-সম্ভ্রম ক্ষুন্ন হয় এমন কাজ না করতে অনুপ্রাণিত হবে।	কাউকে বর্জন, সম্পর্কচ্ছেদ এবং গোপনীয় বিষয়ের আলোচনা হতে বিরত থাকা সকল হাদিস (৫টি)	২	৫১তম থেকে ৫২তম	
সপ্তদশ অধ্যায় باب الحذر والتأني في الأمور	১. আত্ম-সংযম, সতর্কতা এবং ধীরস্থিরতা অবলম্বন করতে শিখতে পারবে। ২. আত্ম-সংযম, সতর্কতা এবং ধীরস্থিরতা অবলম্বনের পদ্ধতি সমন্ধে বলতে পারবে। ৩. মানুষের জীবন যাত্রার ক্ষেত্রে আত্ম-সংযম ও সতর্কতার গুরুত্ব উপলব্ধি করতে পারবে।	সকল কাজে আত্মসংযম, সতর্কতা এবং ধীরস্থীরতা সকল হাদিস (৪টি)	২	৫৩তম থেকে ৫৪তম	
অষ্টাদশ অধ্যায় باب الرفق والحياء وحسن الخلق	১. দয়া, লজ্জাশীলতা এবং উত্তম চরিত্র সম্বন্ধে বলতে পারবে। ২. লজ্জাশীলতা এবং উত্তম চরিত্র ইমানের অন্যতম অঙ্গ। তাই লজ্জাশীলতা অর্জন করে পরিপূর্ণ মুমিন হতে পারবে। ৩. উত্তম চরিত্র ও কোমল স্বভাব আয়ত্ব করার মাধ্যমে আল্লাহ তায়ালার বিশেষ নিয়ামতে সিক্ত হতে পারবে।	দয়া, লজ্জাশীলতা এবং উত্তম চরিত্রের বর্ণনা সকল হাদিস (৫টি)	২	৫৫তম থেকে ৫৬তম	
উনবিংশ অধ্যায় باب الغضب والكبر	১. ক্রোধকে সংবরণ করতে শিখবে। ২. ক্রোধ ও অহংকারের সংজ্ঞা দিতে পারবে।	ক্রোধ ও অহংকারের বিবরণ হাদিস নং: ২৩৩, ২৩৪,	২	৫৭তম থেকে ৫৮তম	

অধ্যায় ও শিরোনাম	শিক্ষাক্রমে উল্লিখিত শিখনফল	বিষয়বস্তু (পাঠ ও পাঠের শিরোনাম)	প্রয়োজনীয় ক্লাস সংখ্যা	ক্লাসের ক্রম	মন্তব্য
	৩. ক্রোধ ও অহংকারের কুফল সম্বন্ধে বলতে পারবে। ৪. কারো অন্তরে সামান্য পরিমাণ অহংকার থাকলে সে জান্নাতে প্রবেশ করতে পারবে না, এ বিষয় জেনে অহংকার পরিহার করে চলতে পারবে। ৫. ক্রোধ ও অহংকার মূলতঃ শয়তানের কাজ, শিক্ষার্থীরা ক্রোধ ও অহংকার বর্জনের মাধ্যমে শয়তানের প্রভাব মুক্ত থাকতে পারবে।	২৩৫= ৩টি			
বিংশ অধ্যায় باب الظلم	১. জুলুম বা অত্যাচারের স্বরূপ ব্যাখ্যা করতে পারবে। ২. যুলুম বা অত্যাচার কিয়ামতের দিন অন্ধকার সাদৃশ্য হবে সুতরাং পরকালীন ভয়ে অত্যাচার করা থেকে বিরত থাকবে পারবে। ৩. কিয়ামতের দিনে মজলুমকে জালিমের পক্ষ হতে নেকি দ্বারা হক পরিশোধ করতে হবে মর্মে অবহিত হতে পারবে। ৪. সবচেয়ে বড় জুলুম হালো শিরক। সুতরাং আল্লাহ তায়ালার সাথে কোন অবস্থাতেই শিরক করবে না।	অত্যাচারের বর্ণনা সকল হাদিস (৫টি)	২	৫৯তম থেকে ৬০তম	
একবিংশ অধ্যায় باب الأمر بالمعروف والنهي عن المنكر	১. সৎ কাজে নির্দেশ এবং অসৎ কাজে বাঁধা হলো ইসলামের মূল ভিত্তি এ বিষয়ে অবহিত হবে। ২. গর্হিত কাজে পর্যায়ক্রমিকভাবে বাঁধা প্রদান করতে শিখবে। ৩. পরস্পর সৎ কাজের আদেশ ও অন্যায় কাজে বাধা প্রদান না করলে ভাল-মন্দ সবাই আল্লাহ তায়ালার গজবে নিপতিত হবে মর্মে সচেতন হতে পারবে।	সৎ কাজে আদেশ এবং অসৎ কাজে বাধাঁ প্রদান হাদিস নং: ২৪৪, ২৪৫, ২৪৬, ২৪৭, ২৪৮= ৫টি	২	৬১তম থেকে ৬২তম	
দ্বাবিংশ অধ্যায় باب آداب الأطعمة	১. মাসনুন তরিকা অনুযায়ী পানাহার করতে শিখবে। ২. প্রয়োজনীয় খাদ্য ও পানীয় এবং রাসুলুল্লাহ সাল্লাল্লাহ আলাইহি ওয়া সাল্লাম এর পছন্দনীয় খাদ্য-পানীয়ের বিষয়ে জানতে পারবে। ৩. পানাহারের পূর্বের ও পরের মাসনুন দোয়া আমল করতে শিখবে। ৪. কী পরিমাণ খাদ্য গ্রহণ করা শরীর ও স্বাস্থ্যের জন্য ভালো তা জানতে পারবে।	খানাপিনার আদব হাদিস নং: ২৫১, ২৫২, ২৬০, ২৬১, ২৬২ = ৫টি	২	৬৩তম থেকে ৬৪তম	
ষষ্টবিংশ অধ্যায় باب كسب الحلال	১. হালাল রুজি উপার্জনের গুরুত্ব ও তাৎপর্য সম্পর্কে বলতে পারবে। ২. ইবাদত কবুল হওয়ার জন্য রিযিক হালাল হওয়া শর্ত তা অবহিত হয়ে হালাল উপার্জনে ব্রতী হবে। ৩. রুজি হালাল বা হারাম হওয়ার পার্থক্য করতে পারবে।	হালাল রুজি উপার্জনের বর্ণনা সকল হাদিস (৪টি)	২	৬৫ষ্টি থেকে ৬৬ষ্টি	
সপ্তবিংশ অধ্যায় باب الصدق في التجارة	১. ব্যবসা-বাণিজ্যে সততার গুরুত্ব সম্বন্ধে বলতে পারবে। ২. বিক্রেতা কর্তৃক ক্রেতাকে ওজনে কম দেয়ার ভয়াবহ পরিণতির কথা জানবে। ৩. সৎ ব্যবসায়ীরা আল্লাহর নৈকট্য লাভ করবে তা জেনে সৎ ব্যবসায়ী হতে অগ্রাহী হবে।	ব্যবসায়-বাণিজ্যে সত্যবাদিতা সকল হাদিস (৫টি)	২	৬৭তম থেকে ৬৮তম	
উনত্রিংশ অধ্যায় باب السكران	১. নেশা জাতীয় দ্রব্যাদি গ্রহণে ক্ষতির বিষয়ে বলতে পারবে। ২. নেশা জাতীয় দ্রব্যাদি কী কী তা বর্ণনা করতে পারবে। ৩. নেশা জাতীয় দ্রব্যাদি সেবন মহাপাপের বিষয়ে অবহিত হয়ে নেশা হতে দূরে থাকবে।	নেশা সংক্রান্ত হাদিস নং: ২৯৪, ২৯৫, ২৯৬, ২৯৮, ২৯৯ = ৫টি	২	৬৯তম থেকে ৭০তম	

অধ্যায় ও শিরোনাম	শিক্ষাক্রমে উল্লিখিত শিখনফল	বিষয়বস্তু (পাঠ ও পাঠের শিরোনাম)	প্রয়োজনীয় ক্লাস সংখ্যা	ক্লাসের ক্রম	মন্তব্য
ত্রিংশ অধ্যায় باب الإرهاب	১. সন্ত্রাস ও জঙ্গীবাদের ক্ষতি সম্বন্ধে বলতে পারবে। ২. সন্ত্রাসী ও জঙ্গীবাদের শাস্তি সম্বন্ধে জানতে পারবে।	সন্ত্রাসী কর্মকাণ্ড সংক্রান্ত সকল হাদিস (৩টি)	১	৭১তম	
একত্রিংশ অধ্যায় باب إيذاء النساء	১. ইভটিজিং এর কুফল জেনে তা থেকে বিরত থাকবে। ২. নারীকে উত্ত্যক্ত করার কুফল জেনে তার থেকে বিরত থাকবে। ৩. নারীকে অন্যায়ভাবে কষ্ট দিলে তার পরিণাম সম্পর্কে জানবে এবং তা থেকে বিরত থাকবে। ৪. ইভটিজিং বা নারীদের উত্ত্যক্ত করলে সমাজের কী কী ক্ষতি হয় তা জানতে পারবে এবং তা থেকে বিরত থাকতে পারবে।	নারীদের উত্ত্যক্ত করা সকল হাদিস (৩টি)	১	৭২তম	
		মোট	**৭২**		